সতিমির রজনী, সচকিত সজনী শূন্য-নিকুঞ্জ-অরণ্য ।
কলয়িত মলয়ে, সুবিজন নিলয়ে  বালা বিরহবিষণ্ণ ॥
নীল আকাশে, তারক ভাসে,  যমুনা গাওত গান,
পাদপ-মরমর, নির্ঝর-ঝরঝর  কুসুমিত বল্লিবিতান ।
তৃষিত নয়ানে, বনপথ-পানে  নিরখে ব্যাকুল বালা—
দেখ না পাওয়ে, আঁখ ফিরাওয়ে,  গাঁথে বনফুলমালা ।
সহসা রাধা  চাহল সচকিত  দূরে খেপল মালা—
কহল, সজনি, শুন  বাঁশরি বাজে,  কুঞ্জে আওল কালা ।
চকিত গহন নিশি, দূর দূর দিশি  বাজত বাঁশি সুতানে—
কন্ঠ মিলাওল  ঢলঢল যমুনা  কলকল কল্লোলগানে ।
ভণে ভানু—  অব শুন গো কানু,  পিয়াসিত গোপিনীপ্রাণ ।
তোঁহার পীরিত  বিমল অমৃতরস  হরষে করবে পান ॥

---